গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.wewb.gov.bd

স্মারক নম্বর-৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০৯.১৭-১৯৪

তারিখ: ১৭ কার্তিক ১৪২৮ / ০২ নভেম্বর ২০২১

অফিস আদেশ

আপনি জনাব মোঃ আতিকুল আলম, হিসাবরক্ষণ কর্মকর্তা গত মার্চ/২০২১ মাসে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অডিট চলাকালীন সিএ ফার্মের ০৩ (তিন) জন অডিটরের আপ্যায়ন খরচ প্রয়োজনের চেয়ে অতিরিক্ত অর্থ উত্তোলন, কর্মচারীদের বিধি সম্মত ওভারটাইম ও অন্যান্য পাওনাদির ক্ষেত্রে তাদের নিকট থেকে অর্থ দাবী, অধিনস্থ কর্মচারীদের সাথে স্বেচ্ছাচারী ও রূঢ় আচরণ এবং প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান, মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া পাওনা, সার্ভিস বেনিফিট ও ইন্সুরেন্সের অর্থ প্রদানের ক্ষেত্রে হিসাব সংক্রান্ত কাজে চরম অবহেলা, গাফিলতি ও অহেতুক সময়ক্ষেপন করেছেন। এছাড়াও কোভিড-১৯ কালীন সুরক্ষা সামগ্রী বাবদ ২১,৭০০/- (একুশ হাজার সাতশত) টাকার বিলের বিষয়ে মহাপরিচালক মহোদয় নথিতে জবাব জানতে চাওয়া হলে সে বিষয়ে আপনি কোন জবাব দাখিল করেননি। সে প্রেক্ষিতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (কর্মচারী) চাকুরি প্রবিধানধমালা, ২০২০ এর ৫৩(ক) ও (খ) ধারায় ১৯ মে ২০২১ তারিখের স্মারক নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০৯.২০১৭-০৬০ এবং ১৬ জুন ২০২১ তারিখের স্মারক নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০৯.২০১৭-০৯০ সংখ্যক পত্রের মাধ্যমে আপনাকে প্রথম ও দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ দেয়া হলে আপনি কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন। উক্ত জবাব পর্যালোচনান্তে দেখা যায় যে, কারণ দর্শানোর জবাব সন্তোষজনক নয়।

২.০ আপনার এহেন আচরণ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সুনাম ও ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুন্ন হওয়ায় এবং ভবিষ্যতে এ ধরনের কার্যকলাপ পুনরাবৃত্তি হওয়ার সম্ভাবনা থাকায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (কর্মচারী) চাকুরি প্রবিধানধমালা, ২০২০ এর ৫৯নং ধারা অনুযায়ী অদ্য ০২-১১-২০২১ তারিখ আপনাকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২.১ প্রচলিত বিধি মোতাবেক আপনি সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা (সাবসিসটেন্স এলাউন্স) প্রাপ্য হবেন।

০২/১১/২১

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
☎ ০২-৪৮৩১৮২০৪ (অফিস)
✉ dg@wewb.gov.bd

জনাব মোঃ আতিকুল আলম
হিসাবরক্ষণ কর্মকর্তা
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৪। প্রধান পরামর্শক (হিসাব),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৫। ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপার, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা [ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ]।
৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। অফিস নথি/২০২১।